



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৫১

প্রধানমন্ত্রী চান দেশের মানুষ যেন সঠিক স্বাস্থ্যসেবা পায়

- স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী

রাজশাহী; ৩১ ভাদ্র (১৫ সেপ্টেম্বর):

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী বলেছেন, প্রধানমন্ত্রী চান দেশের মানুষ যেন সঠিক স্বাস্থ্যসেবা পায়। প্রধানমন্ত্রী স্বাস্থ্যসেবা বিষয়ে খুবই আন্তরিক। স্বাস্থ্যবিষয়ক কোনো প্রজেক্ট কখনও একনেকে আটকে থাকে না।

আজ বৃহস্পতিবার বিকালে রাজশাহী মহানগরীর একটি হোটেলে রাজশাহী বিভাগের বিভিন্ন স্বাস্থ্যস্বাপনার উদ্বোধন, শ্রেষ্ঠ স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদান ও সকল পর্যায়ের কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ডাক্তারদের উদ্দেশ্যে তিনি বলেন, আমাদের বেশি কিছু চাওয়া নেই, শুধু হাসপাতালের পরিবেশ সুন্দর-পরিপাটি রাখুন, রোগীদের প্রয়োজনীয় সেবা দিন। আপনারা এমন একটি গুরুত্বপূর্ণ বিভাগে কাজ করছেন, যেখানে মসজিদ ও মন্দিরের দরজার মতো হাসপাতালের দরজারও কখনও বন্ধ হয় না।

ডাক্তারদের প্রশংসা করে স্বাস্থ্যমন্ত্রী বলেন, আপনারা আমাদের দেশের গর্ব। আপনারা একটি লিডারশীপ তৈরি করতে হবে। টিম হিসেবে কাজ করতে হবে। জনগণের স্বাস্থ্যসেবা কী ভাবে আরও সহজে এবং সুন্দর আঙ্গিকে দেয়া যায় সেটা চিন্তা করতে হবে। তিনি হাসপাতালের নিরাপত্তা, ওষুধ ও মেশিনারির রক্ষণাবেক্ষণ, পরিষ্কার-পরিছন্নতা, খাদ্যমান নিয়ন্ত্রণ ও খাদ্য বন্টনব্যবস্থাসহ হাসপাতালের সার্বিক পরিবেশ উন্নয়নের জন্য তাদের নিয়মিত মতবিনিময় করার পরামর্শ দেন।

কোভিড মোকাবিলায় সাফল্যের কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, কোভিডকালে আমরা টিম হিসেবে কাজ করেছি, সঠিক সময়ে সঠিক পদক্ষেপ গ্রহণ করেছি বলে-ই কোভিড মোকাবিলা করতে পেরেছি। সেই সময়ে ডাক্তার নিয়োগ দেয়া হয়েছে, নার্স নিয়োগ করা হয়েছে, হাসপাতালে যন্ত্রপাতিসহ প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ করা হয়েছে।

এক্ষেত্রে ডাক্তারদের ভূমিকা অপরিসীম উল্লেখ করে তিনি বলেন, কোভিডে আমেরিকার মতো উন্নত দেশে ১২ লাখের বেশি মানুষ মারা গেছে, সে তুলনায় বাংলাদেশে মৃত্যুহার অনেক কম। কোভিড মোকাবিলায় আমরা বিশ্বব্যাপী প্রশংসা অর্জন করেছি।

বাংলাদেশে একটি ভালো স্বাস্থ্য সেক্টর তৈরি করার আশা প্রকাশ করে জাহিদ মালেক বলেন, আমরা বাংলাদেশে একটি ভালো হেলথ সেক্টর তৈরি করতে চাই। আশা করি সকলের সহযোগিতায় সেটা করতে পারব। তিনি বলেন, এই অঞ্চলে স্বাস্থ্যসেবার মান অনেক ভালো- এই সুনাম আপনারা ধরে রাখতে হবে।

সভায় রাজশাহী বিভাগের স্বাস্থ্যবিষয়ক কর্মকর্তাগণ হাসপাতালের নিরাপত্তার ওপর গুরুত্বারোপ করে বিভিন্ন সমস্যা তুলে ধরেন।

স্বাস্থ্যসেবা বিভাগের মহাপরিচালক ডা. আবুল বাশার মোহাম্মদ খুরশীদ আলম, বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডা. হাবিবুল আহসান তালুকদার, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল শামীম ইয়াজদানী, রাজশাহী মেডিকেল কলেজের অধ্যক্ষ ডা. নওশাদ আলী, রাজশাহী বিভাগের স্বাস্থ্যবিষয়ক কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

পরে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী রাজশাহী বিভাগের শ্রেষ্ঠ স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানের পরিচালক, সিভিল সার্জন ও ইউএইচএফপিও হাতে ক্রেস্ট তুলে দেন।

তৌহিদ/সিকান্দার/রুহুল/২০২২/১৯.৫০ঘ.